গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও র্কপোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ০৩.০৯.২০১৮ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১), রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর এসপিএলও-১ সভাপতির অনুমতিক্রমে সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। সভায় ২০১৭-১৮ অর্থ-বছরের বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত সাধারণ সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩.১) এডিজিগণ আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

(৩.২) জিএম (পূর্ব), জিএম (পশ্চিম), ডিআরএম (ঢাকা), ডিআরএম (চট্টগ্রাম), ডিআরএম (পাকশী) ও ডিআরএম (লালমনিরহাট) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয় সমন্বয়ের জন্য স্ব-স্ব অঞ্চল/বিভাগের পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরকে অবহিত করবেন।

(৩.৩) পরিচালক (পরিবহন), পরিচালক (অর্থ), পরিচালক (মেকানিক্যাল), পরিচালক (প্রকৌশল), অতিঃসিএসটিই (টেলিকম) এবং পরিচালক (সংস্থাপন), রেলভবন, ঢাকা স্ব-স্ব বিভাগ/দপ্তরের পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

(৩.৪) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত **কার্যক্রমসমূহের** বাস্তবায়ন অগ্রগতির মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৫) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, পরস্পর নির্ভরশীল বিভাগ/দপ্তরসমূহ পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

৪.০। ২০১৮-১৯ অর্থ-বছরের জন্য প্রণীত বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার আইটেমভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | প্রতি কোয়ার্টারে নিয়মিত ১টি করে সভা করতে হবে এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয় প্রতিটি সভার ন্যূনতম ৮০% সিদ্ধান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিসিএস<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ৪.২ | উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | ২০.০৯.২০১৮ তারিখের মধ্যে উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.৩ | অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা। | প্রতি কোয়ার্টারে সদর দপ্তরসহ মাঠ পর্যায়ে অংশীজনের অংশগ্রহণে সভা (রেল পরিষেবার উন্নয়ন/সম্প্রসারণ ইত্যাদি বিষয়) করতে হবে। সভা সম্পর্কিত প্রতিবেদন | -এডিজি(ওপি)<br>-সকল জিএম<br>-সকল ডিআরএম |

| ক্র: | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (নোটিশ ও কার্যবিবরণী) এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -পরিচালক (পরিবহন) |
| ৪.৪ | কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রয়োজ্য ক্ষেত্রে)। | প্রতি কোয়ার্টারে ২৫ জনকে এ বিষয়ে বিভিন্ন দপ্তর/কার্যালয়ে ও আরটিএ'তে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | -এডিজি (ওপি)<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান | প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১৫ জনকে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | -রেক্টর (আরটিএ) |
| ৪.৬ | নৈতিকতা প্রশিক্ষণ ম্যানুয়েল হালনাগাদকরণ। | ৩১.১২.২০১৮ তারিখের মধ্যে নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ মডিউলটি হালনাগাদ করতে হবে। | -এডিজি(এমএন্ডসিপি)<br>-রেক্টর (আরটিএ) |
| ৪.৭ | তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন। | তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ বিষয়ে সম্পাদন করবেন। এ বিষয়ে তথ্য কমিশনের ওয়েবসাইটে প্রয়োজনীয় নির্দেশনা/নিয়মাবলী পাওয়া যাবে। অনলাইন প্রশিক্ষণে প্রাপ্ত সনদের কপি এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করবেন। | -পরিচালক (জনসংযোগ)<br>-তালিকাভুক্ত অন্যান্য তথ্য কর্মকর্তা (বিআর ওয়েবসাইট দ্রষ্টব্য)। |
| ৪.৮ | তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.৯ | তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ। | বর্ণিত বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিত করতে হবে। | -বাংলাদেশ রেলওয়ের দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তাবৃন্দ (বিআর ওয়েবসাইট দ্রষ্টব্য) |
| ৪.১০ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ। | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন)<br>-তথ্য কর্মকর্তাবৃন্দ (বিআর ওয়েবসাইট দ্রষ্টব্য) |
| ৪.১১ | দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস)-এর ব্যবহার। | অনলাইন রেসপন্স সিস্টেম হিসেবে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে প্রতি কোয়ার্টারে প্রাপ্ত বিষয়ের (অভিযোগ/জিজ্ঞাসা ইত্যাদি) ন্যূনতম ৫০% নিষ্পত্তি করতে হবে। নিষ্পত্তিকৃত বিষয়ের পরিসংখ্যান প্রতিবেদন এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম) |
| ৪.১২ | ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ)। | সংশ্লিষ্ট সকল কার্যালয়/দপ্তর (প্রকল্প পরিচালকগণসহ) ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ক প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম)<br>-সকল ডিআরএম |

| ক্র: | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১৩ | দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার। | সকল দাপ্তরিক কাজে আবশ্যিকভাবে ইউনিকোড ব্যবহার করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সকল বিভাগীয় প্রধান<br>-সকল ডিআরএম<br>-অতিঃসিএসটিই<br>-পরিচালক(সংস্থাপন) |
| ৪.১৪ | ই-টেন্ডার/ই-জিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন। | প্রত্যেক দপ্তরে ই-টেন্ডারিং চালু ও সম্প্রসারণ করতে হবে। ন্যূনতম ১ম কোয়ার্টারে ১৫%, ২য় কোয়ার্টারে ১৫%, ৩য় কোয়ার্টারে ২০% এবং ৪র্থ কোয়ার্টারে ২০% ক্রয় কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন করতে হবে। এ সংক্রান্ত পরিসংখ্যান/প্রতিবেদন (মোট প্যাকেজ সংখ্যা ও কতটি ই-জিপি করা হয়েছে) এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সকল বিভাগীয় প্রধান<br>-সিসিএস (পাহাড়তলী)<br>-সকল ডিআরএম<br>-ডিএসডব্লিউ (পাহাড়তলী ও সৈয়দপুর)<br>-সিইএক্স (কেলোকা) |
| ৪.১৫ | দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ। | বাংলাদেশ রেলওয়েতে চালুকৃত অনলাইন/ই-সেবারসমূহের ২৫% সেবার ব্যবহার পরিবীক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(ওপি)<br>-সিএসটিই (টেলিকম) |
| ৪.১৬ | সোস্যাল মিডিয়া ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান। | সোস্যাল মিডিয়া ব্যবহার করে প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১০% নাগরিক সমস্যা সমাধানের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(ওপি)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-সিএসটিই (টেলিকম)<br>-ডিআরএমগণ |
| ৪.১৭ | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন। | বাংলাদেশ রেলওয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রমসমূহের মধ্যে ন্যূনতম ১ম কোয়ার্টারে ১০%, ২য় কোয়ার্টারে ১০%, ৩য় কোয়ার্টারে ১৫% এবং ৪র্থ কোয়ার্টারে ১৫% বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম)<br>-ডিআরএমগণ<br>-ইনোভেশন অফিসার |
| ৪.১৮ | চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণ। | প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি)<br>-সিএসটিই (টেলিকম)<br>-ইনোভেশন অফিসার |
| ৪.১৯ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন। | সেপ্টেম্বর'২০১৮ মাসের মধ্যেই ২০১৮-১৯ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরকে অবহিত করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিসিএস<br>-রেক্টর |
| ৪.২০ | দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | বাংলাদেশ রেলওয়ের সিটিজেনস্ চার্টার যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা কোয়ার্টারভিত্তিক পরিবীক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি) |
| ৪.২১ | দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন। | প্রতি কোয়ার্টারে ন্যূনতম ২৫% অধিনস্থ শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন করে লক্ষণীয় সমস্যা তাকলে তা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সকল বিভাগীয় প্রধান<br>-সকল ডিআরএম<br>-সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ |

| ক্র: | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.২২ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী ন্যূনতম ১ম কোয়ার্টারে ৫%, ২য় কোয়ার্টারে ৬%, ৩য় কোয়ার্টারে ৭% এবং ৪র্থ কোয়ার্টারে ৭% নথির শ্রেণী বিন্যাস করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-রেক্টর<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.২৩ | গণশুনানী আয়োজন। | ১ম ও ২য় কোয়ার্টারে ১টি করে গণশুনানী আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব)<br>-জিএম (পশ্চিম) |
| ৪.২৪ | নিরাপত্তা/জনসচেতনতামূলক লিফলেট বিতরণ। | ২য় ও ৩য় কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করে ন্যূনতম মোট ৪০ (চল্লিশ) হাজার নিরাপত্তা/জনসচেতনতামূলক লিফলেট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল ডিআরএম |
| ৪.২৫ | জনসচেতনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন। | মাঠ পর্যায়ে সচেতনতা (নিরাপত্তা, কার্য সম্পাদন ও রেল সম্পদ রক্ষা ইত্যাদি বিষয়) বৃদ্ধিমূলক সভা অনুষ্ঠানের জন্য জিএমগণ এবং ডিআরএমগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সদর দপ্তরেও অনুরুপ সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন (নোটিশ ও কার্যবিবরণী) এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সকল ডিআরএম |
| ৪.২৬ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-এডিজি (অর্থ)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.২৭ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল। | নিয়মিত ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি) |
| ৪.২৮ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। এডিজি(এমএন্ডসিপি) প্রাপ্ত বাস্তবায়ন প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | -জিএম (পূর্ব)<br>-জিএম (পশ্চিম)<br>-এডিজি (এমএন্ডসিপি) |

৫.০১ পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করার অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪.০৯.২০১৮

(মোঃ আমজাদ হোসেন)
মহাপরিচালক